

**শাবিতে ভিসিবিরোধী
শিক্ষকদের আজ
পূর্ণদিবস কর্মবিরতি**
গ্রহণ হয়নি অব্যাহতিপত্র
সিনেট ব্যর্থ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) ভিসির অপসারণ দাবিতে আজ পূর্ণদিবস কর্মবিরতি পালন করবেন সরকার সমর্থিত মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ শিক্ষকরা। এদিন ভিসি ভবনের নামনে অবস্থান কর্মসূচিতে অংশ নেবেন শিক্ষকরা। আন্দোলনকারীদের মুখপাত্র অধ্যাপক নৈয়দ সামসুল আলম জানান, সব বিভাগের পরীক্ষা আন্দোলনের আগতামুক্ত থাকবে। তিনি বলেন, ভিসি অপসারিত না হওয়া পর্যন্ত আন্দোলন চলেবে। এদিকে প্রশাসনিক পদ থেকে শিক্ষকদের দাখিল করা অব্যাহতিপত্র কার্যকর করতে ২৪ ঘণ্টার আলটিমেটাম পেরিয়ে গেলেও তা গ্রহণ হয়নি। উদ্যোক্তা ভিসি অধ্যাপক আমিনুল হক উইয়ার পক্ষ থেকে রেজিস্ট্রার ইশফাকুল হোসেন প্রশাসনিক দায়িত্ব পালনে যোগ দিতে শিক্ষকদের চিঠি দেন। তবে তা প্রত্যাখ্যান করে মঙ্গলবার অব্যাহতিপত্র কার্যকরের বিষয়ে পুনরায় কথা বলতে রেজিস্ট্রারের কাছে যান শিক্ষকরা। এ সময় আন্দোলনকারী শিক্ষক নেতা অধ্যাপক ড. ইউনুছ রেজিস্ট্রারের উদ্দেশে বলেন, আমাদের অব্যাহতিপত্র গ্রহণ করতে হবে। এ ভিসির সঙ্গে আমাদের কাজ করা সম্ভব নয়।